ঝিনাইদহে প্রয়াত ক্রীড়া ব্যক্তিত্ব সাজেদুল করিম বাবুর স্মরণসভা

ঝিনাইদহের সাবেক খেলোয়াড়, ক্রীড়া ব্যক্তিত্ব ও জেলা ক্রীড়া সংস্থার সাবেক কোষাধ্যক্ষ সাজেদুল করিম বাবুর মৃত্যুতে স্মরণসভা ও ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে জেলা ক্রীড়া সংস্থার মাঠে জেলার সাবেক খেলোয়াড়দের অংশগ্রহণে এ ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। পরে শহরের ফ্যামেলি জোন রেস্টরেস্টু স্মরণসভার আয়োজন করা হয় খেলোয়াড়দের সংগঠন ‘ক্রিকেট ফ্যামেলি’।

সাবেক খেলোয়াড় ফজল মাহমুদ পাভেল এর সভাপতিত্বে সরকারি কৌশুলী পিপি এ্যাড. বিকাশ ঘোষ এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, ক্রীড়াং সংগঠক আবুল কাশেম হাসু, ঝিনাইদহ পৌরসভার সাবেক চেয়ারম্যান আনিচুর রহমান খোকা, জোড়াদহ ইউনিয়নের চেয়ারম্যান নাজমুল হুদা পলাশ।

অনুষ্ঠানের আলোচনা সভা শেষে প্রয়াত সাজেদুল করিম বাবুর আত্মার শান্তি কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে আন্ত:উপজেলা হ্যান্ডবল টুর্নামেন্টের

উদ্বোধন

মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষে ঝিনাইদহে আন্ত:উপজেলা হ্যান্ডবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে রোববার বিকেলে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ খেলার উদ্বোধন করা হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর) তারেক আল মেহেদি, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, সহকারী কমিশনার (ভূমি) আব্দুল্লা আল মামুন, ঝিনাইদহ পৌরসভার সাবেক চেয়ারম্যান আনিচুর রহমান খোকা, পি.পি অ্যাড. বিকাশ ঘোষ, ফুলহরি ইউনিয়নের চেয়ারম্যান জামিনুর রহমান বিপুল, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল।

উদ্বোধনী দিনের মুখোমুখি হয় ঝিনাইদহ সদর বনাম শৈলকুপা উপজেলা দল, ২য় খেলায় শৈলকুপা বনাম মহেশপুর ও ৩য় খেলায় মুখোমুখি হয় মহেশপুর বনাম সদর উপজেলা দল। লীগ ভিত্তিতে এ খেলায় জেলার ৬ টি দল অংশগ্রহণ করবে। আগামী ৩১ ডিসেম্বর এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

মেহেরপুরের কুতুবপুরে ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে আওয়ামীলীগের কর্মী সভা

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ড কুতুবপুরে ২০২১ ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে আওয়ামীলীগ কর্মিদের আলোচনা

সভা অনুষ্ঠিত হয়।

গতকাল শনিবার ২৬-১২-২০২০ কুতুবপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও সাবেক ইউ পি চেয়ারম্যান ইদ্রীস আলী মাষ্টারের সভাপতিত্বে অনুষ্ঠানটির সূচনা হয়।
সভাপতি তার বক্তব্যে ২০২১ ইউনিয়ন পরিষদ নির্বাচনে জন নেত্রী শেখ হাসিনার নৌকা প্রতীক কৃত প্রার্থীকে বিজয় করার আহব্বান জানান।

তিনি আরো জানান আমরা সকলে বঙ্গবন্ধুর আদর্শকে বুকে ধারন করি। তাই আমরা সেই আদর্শিক নেতার একমাত্র কন্যা মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তি শালী করবার লক্ষ্যে তিনি যাকে আমাদের ইউনিয়নে নৌকা প্রতীক দিবেন আমরা তার হয়ে কাজ করবো।ব্যাক্তি জিনিই হোক ভোট দিবো নৌকায়।

দেশ যখন দুর্বার গতিতে জন নেত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের অগ্র যাত্রায় এগিয়ে যাচ্ছে তখন অবশ্যয় আমরা সেই উন্নয়নের ধারা অভ্যাহত রাখতে জননেত্রী শেখ হাসিনার নৌকা মননীত প্রার্থীকেই ভোট দেওয়ার আহব্বান জানান।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন কুতুব ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী ও সাবেক সভাপতি কুতুবপুর ইউনিয়ন ছাত্রলীগ ও সাবেক কুতুবপুর ইউনিয়ন যুবলীগের যুগ্ন আহবায়ক সোহরাব হোসেন রতন বিশ্বাস

বক্তব্যের মধ্যে জানান আমি ছাত্র জীবন থেকে ছাত্র রাজনীতি যুব রাজনীতি করে আসছি আজ আমি গর্বিত কুতুব পুর ৪নং ওয়ার্ডের সকল প্রাক্তন এবং বর্তমান আওয়ামীলীগ নেতা আজ ২০২১ ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষ্যে একত্রিত হতে পেরেছি।

আমার সবার কাছে একটায় চাওয়া আমরা এই দেশ কে ভালো বেসে বঙ্গবন্ধু কে ভালোবেসে জন নেত্রী শেখ হাসিনাকে ভালোবেসে তার দেওয়া নৌকা মনোনিত প্রার্থীকে ভোট দিব।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কুতুবপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারন সম্পাদক গোলাম মস্তফা।

বক্তব্য রাখেন সাবেক ইউনিয়ন সাধারন সম্পাদক মনুয়ার হোসেন মজনু। আরো বক্তব্য রাখেন আঃ আওয়াল সাবেক মেম্বার ৪ নং ওয়ার্ড কুতুবপুর।

আরো বক্তব্য রাখেন বর্তমান ৪নং ওয়ার্ড কুতুবপুরের মেম্বার ও ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আফরাজুল ইসলাম।

আরো বক্তব্য রাখেন আরিফুজ্জামান আরিফ সভাপতি কুতুবপুর ইউনিয়ন তাতীলীগ ও ৪নং ওয়ার্ড কুতুবপুরের মেম্বার পদপ্রার্থী।
উপস্থিত ছিলেন আওয়ামীলীগ নেতা আঃ রশিদ বিশ্বাস।

ও ৪ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাবেক সভাপতি জামাল উদ্দীন বিশ্বাস ও যুবলীগ নেতা রুবেল, হীমু,রুহুল আমীন, কোমর বিশ্বাস, আমজাদ মাষ্টার সহ আওয়ামীলীগ যুবলীগ ছাত্রলীগ তাতীলীগের নেতা বর্গ।

মেহেরপুরে রংতুলি ডিলিজেন্ট একাডেমীর শীতবস্ত্র ও মাস্ক বিতরণ

মেহেরপুরে রংতুলি ডিলিজেন্ট একাডেমীর পক্ষ থেকে শীতবস্ত্র ও মাস্ক বিতরণ করা হয়।

রবিবার সকাল সাড়ে ১১টার দিকে রংতুলি ডিলিজেন্ট একাডেমী প্রাঙ্গনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলের পরিচালক জনাব মোঃ মিজানুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন মেয়র মেহেরপুর পৌরসভা।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নুরুল আশরাফ রাজিব ৭নম্বর ওয়ার্ড কাউন্সিলর মেহেরপুর পৌরসভা, জনাব মোঃ জাহিদ ইকবাল মিশন সাধারণ সম্পাদক হোটেল বাজার ব্যবসায়ী সমিতি মেহেরপুর।
এছাড়াও উপস্থিত ছিলেন স্কুলের প্রধান শিক্ষক মোঃ ইয়াহিয়া, জাহিরুল ইসলাম, রাশেদ খান, এবং মিজানুর রহমান সহ রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলের শিক্ষক-শিক্ষিকাগণ।
মেহেরপুর শহরের বিভিন্ন এলাকার অসহায়-দুস্থ ১০০ টি পরিবারকে

চিহ্নিত করে তাদের মাঝে এই কম্বল বিতরণ করা হয়।

শৈলকুপায় সড়ক দূর্ঘটনায় স্কুল ছাত্র নিহত

ঝিনাইদহের শৈলকুপায় সড়ক দূর্ঘটনায় মোটরসাইকেল আরোহী পারভেজ হাসান(১৪) নামের এক স্কুল ছাত্র নিহত হয়েছে । রবিবার বেলা ১১টার দিকে উপজেলার নাগপাড়া গ্রামে এ দূর্ঘটনার ঘটনা ঘটে। ঘটনার পর স্থানীয়রা তাকে উদ্ধার করে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। নিহত পারভেজ ১৩নং উমেদপুর ইউনিয়নের বেষ্টপুর গ্রামের ইখতিয়ার হোসেনের ছেলে ও বিএলকে মাধ্যমিক বিদ্যালয়ের ৭ শ্রেনীর ছাত্র।

এলাকাসীরা জানান স্কুল ছাত্র পারভেজ রবিবার সকালে নাগপাড়া গ্রামে নানা বাড়ি থেকে বাড়ি যাওয়ার পথে তার ব্যবহৃত মোটরসাইকেলটি নিয়ন্ত্রন হরিয়ে একটি গাছে ধাক্কা দেয়। এ সময় ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে জরুরী বিভাগের চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। কর্তব্যরত চিকিৎসক ডা. এস এম আসাদুল্লাহ জানান সড়ক দূর্ঘটনায় নিহত পারভেজ হাসানকে মৃত অবস্থায় স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসা হয়।

শৈলকুপা থানার সেকেন্ড অফিসার আমিরুজ্জামান জানান, সড়ক দূর্ঘটনায় পারভেজ হাসান নামে এক মোটরসাইকেল আরোহীর মৃত্যু হয়েছে।

কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে

নৌকার মাঝি হলেন শাহাজান

অপেক্ষা ও জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে নৌকার মাঝি হলেন উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী।

গতকাল শনিবার রাত ৮ টার দিকে এ খবরটি নিশ্চিত করেছেন দলীয় একাধিক নেতা-কর্মী। এদিকে এ খবরে দলীয় নেতা-কর্মীরা আনন্দ-উল্লাস করতে থাকে।

তফসিল অনুযায়ী আগামী ৩০ জানুয়ারী, কোটচাঁদপুর পৌর সভার নির্বাচন। নির্বাচনে আ.লীগের দলীয় মনোনয়ন পেতে মাঠে ছিলেন ৫ জন মনোনয়ন প্রত্যাশী।

যার মধ্যে ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, পৌর আ.লীগের যুগ্ম-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম, পৌর আ.লীগের সদস্য কাজী আলমগীর, উপজেলা যুবলীগের সাবেক সভাপতি মীর কাশেম আলী ও পৌর মেয়র জাহিদুল ইসলাম।

তবে ৫ জন মনোনয়ন প্রত্যাশী প্রার্থীর মধ্যে কদিন যাবৎ তিন জন প্রার্থীর নাম শোনা যায় । আলোচনার ঝড় চলছিল পাড়া-মহল্লার চায়ের দোকান, পথ-ঘাটসহ রাজনৈতিক অঙ্গণে।

তবে সকল আলোচনা ও অপেক্ষার অবসান ঘটিয়ে আসন্ন পৌরসভা নির্বাচনে আ.লীগের মেয়র প্রার্থী হিসেবে নৌকা প্রতিক পেলেন উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী।

মেহেরপুরের বলিয়ারপুরে নির্বাচনী সভা

আসন্ন ইউপি নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের বলিয়ারপুর ৮ নং ওয়ার্ড আওয়ামী লীগের আয়োজনে নৌকার পক্ষে নিবার্চনী প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার রাত আটটার দিকে বলিয়ারপুর গ্রামে নির্বাচনী প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন ইউপি সদস্য আনোয়ারুল ইসলাম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউপি চেয়ারম্যান আলহাজ্ব আব্দুস সামাদ বাবলু বিশ্বাস।

বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের সদস্য রফিকুল ইসলাম, সাবেক ইউপি সদস্য বীর মুক্তিযোদ্ধা ইদ্রিস আলী, সাবেক মেম্বার আসাদুজ্জামান, আব্দুস সাত্তার প্রমুখ।

পিরোজপুর ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম হোসেনের সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক সফর আলী, ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি গোলাম কিবরিয়া, বর্তমান সভাপতি ইস্কান্দার মাহমুদ বিপ্লব, সহকারি শিক্ষক তৌহিদুল ইসলাম, মিজানুর রহমান, শফিকুল ইসলাম মাস্টার প্রমুখ।

এসময় আরও আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার বন্ডবিলে মেয়র প্রার্থী ফারুকের নির্বাচনী সভা

আলমডাঙ্গার বন্ডবিলে মেয়র প্রার্থী মতিয়ার রহমান ফারুকের নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার রাত ৮ টার দিকে বন্ডবিল গেট পাড়ায় এ নির্বাচনী মতবিনিময় সভা হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মতিয়ার রহমান ফারুক বলেন, আমরা বন্ডবিলের মানুষের নিকট ভোট চাইতে এসেছি। যারা দীর্ঘদিন

পৌরসভার নেতৃত্ব দিচ্ছে তারা শুধু নিজের স্বার্থের জন্য নির্বাচন করে। ইতোপূর্বে যারা মেয়র হয়েছে তারা আলমডাঙ্গা পৌরসভার কোন উন্নয়ন করেনি। এ বন্ডবিল গ্রামের রাস্তার কোন উন্নয়ন নেই, কোন রোড-লাইট নাই। শুধু বন্ডবিল না পৌর এলাকার কোন স্থানেই কাজ করেনি।

একটি মডেল পৌরসভা ও দুর্নীতি মুক্ত পৌরসভা গঠন করতে সবাই এগিয়ে আসুন।

সভাপতিত্ব করেন, মোঃ আঃ রহমান মন্ডল, বিশেষ অতিথি হিসেবে ছিলেন, মোঃ আমজাদ হোসেন।

বন্ডবিল গেটপাড়ার পক্ষে বক্তব্য রাখেন, মুকুল ফরায়জী, রবগুল মন্ডল, রবিউল মোল্লা, জাকের মন্ডল, ইমারত শেখ, নিকবার মন্ডল, মজিদ মন্ডল, সৈকত আহম্মেদ, পৌর ছাত্র লীগ নেতা, আঃ লতিফ প্রধান সাংস্কৃতিক সম্পাদক আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগ, মাসুদ সালেহীন উৎপল দপ্তর সম্পাদক, শরীফুল ইসলাম শাখা সভাপতি দেখী বাংলার রুপ ও কোষাধ্যক্ষ আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগ, সাগর আহম্মেদ শ্রম বিষয়ক সম্পাদক, নাসিম শেখ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক, মিজানুর রহমান রিপন প্রচার সম্পাদক, জহুরুল ইসলাম ঝন্টু সদস্য, লিপু বিশ্বাস, মোল্লা সেলিম, দেবদাস, উজ্জ্বল ও আলমগীর প্রমুখ।

গাংনীতে অপহরণ মামলার আসামীদের ৭ দিনের রিমান্ড আবেদন

মেহেরপুরের গাংনীতে উজ্জলকে অপহরন ও চাঁদাবাজির সাথে জড়িত থাকার অপরাধে ৩জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। শনিবার উজ্জলের পিতা মাফিজুর রহমান বাদী হয়ে ৩ জনের নাম উল্লেখ করে অজ্ঞাতনামা কয়েকজনের বিরুদ্ধে গাংনী থানায় মামলাটি দায়ের করেন।

গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম জানান,গ্রেফতারকৃত গাংনী বাজারের স্বর্ণ ব্যবসায়ী বিনয়,বিকাশ ব্যবসায়ী থানাপাড়ার সাফায়েত ও সদর উপজেলার ষোলমারী গ্রামের খালেদকে মেহেরপুর সিনিয়র

[redacted]

[redacted]